

## মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২৩৬

পর্ব-২: 'ইলম (বিদ্যা) (كتاب العلم)

পরিচ্ছেদঃ দ্বিতীয় অনুচ্ছেদ

### الْفَصْلُ الثَّانِي

আরবী

وَعَنْ أَبِي هُرَيْرَةَ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «الْمِرَاءُ فِي الْقُرْآنِ كُفْرٌ». رَوَاهُ أَحْمَدُ وَأَبُو دَاوُدَ

বাংলা

২৩৬-[৩৯] আবু হুরায়রাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ কুরআনের কোন বিষয় নিয়ে ঝগড়া-বিবাদে লিপ্ত হওয়া কুফরী। (আহমাদ ও আবু দাউদ)[1]

ফুটনোট

[1] হাসান সহীহ: আবু দাউদ ৪৬০৩, আহমাদ ৭৭৮৯, সহীহুত তারগীব ১৪৩।

ইমাম হাকিম একে সহীহ বলেছেন, যাহাবীও তা সমর্থন করেছেন। আর এর সহীহ হওয়ার কারণ এ হাদীসের অনেক শাহিদ হাদীস আছে। যেগুলো আমি ত্ববারানীর “আল মু‘জামুস্ সগীর” গ্রন্থে তা‘লীক হিসেবে উল্লেখ করেছি।

ব্যাখ্যা

ব্যাখ্যা: সন্দেহের বশবর্তী হয়ে কুরআন সম্পর্কে বাদানুবাদ করা, অর্থাৎ- কুরআন আল্লাহর কালাম কিনা- এ ব্যাপারে সন্দেহ করা, আয়াতে মুতাশাবিহাত এর ব্যাপারে এমন তর্কে লিপ্ত হওয়া ব্যক্তিকে ঐ আয়াতসমূহ অস্বীকার করার দিকেই ঠেলে দেয়া, কুরআনের পঠনরীতি ও তার শব্দের বিভিন্নতার ব্যাপারে সন্দেহ সৃষ্টি করে যা মূলত আল্লাহর তরফ থেকেই অবতীর্ণ; অথবা তাক্বদীরের আয়াতগুলো নিয়ে বিতর্কে লিপ্ত হওয়া যা প্রবৃতির অনুসারীরা তর্কে লিপ্ত হয়ে থাকে। এছাড়া যে কোনভাবে কুরআন সম্পর্কে তর্কে লিপ্ত হওয়া কুফরীর শামিল।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=54795>

📄 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন